দৈনিক
ইনকিলাব

তারিখ 3-1 MAR 2008
পৃষ্ঠা ২ কলাম ৫

এসএসসি-দাখিল পরীক্ষার দ্বিতীয় দিন

# বহিষ্কার ১৫৬ পরীক্ষার্থী ৪ শিক্ষক ৪২৭১ জন অনুপস্থিত

স্টাফ রিপোর্টার

সারাদেশের নয়টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার দ্বিতীয় দিন গতকাল (রোববার) অতিবাহিত হয়েছে। এদিন ৭টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ইংরেজী দ্বিতীয় পত্র, মদ্রাসা বোর্ডের অধীনে দাখিলে ইংরেজী পরীক্ষা এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সামাজিক পৃঃ ১১ঃকঃ২

## এসএসসি-দাখিল

প্রথম পৃষ্ঠার পর

বিজ্ঞান দ্বিতীয় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রক কক্ষের হিসাব অনুযায়ী নয় শিক্ষা বোর্ডে দ্বিতীয় দিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ১৫৬ জন পরীক্ষার্থী। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে ৬৩ জন। মদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ৩৮ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার দ্বিতীয় দিনে বহিষ্কার হয়েছে ৫২ জন পরীক্ষার্থী।

নয়টি বোর্ডে দ্বিতীয় দিনে ৪ হাজার ২৭১ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডে ২ হাজার ৩৩৬ জন, মদ্রাসা বোর্ডে ১ হাজার ২৭৬ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীন পরীক্ষায় ৬৫৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। তবে ৪ জন শিক্ষক বহিষ্কারের খবর পাওয়া গেছে। এদের মধ্যে বরিশাল বোর্ডে ১ জন, যশোর বোর্ডে ১ জন, মদ্রাসা বোর্ডে ১ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ১ জন শিক্ষক বহিষ্কার হয়েছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রক কক্ষের হিসাব অনুযায়ী গতকাল নয় বোর্ডের, মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিত শিক্ষার্থীর সংখ্যা ৬৭৩ জন, রাজশাহীতে ২৪৮ জন, যশোরে ৩৯১ জন, বরিশালে ৪১৯ জন, সিলেটে ১২৮ জন, কুমিল্লায় ৩২০ জন এবং চট্টগ্রামে ১৫৭ জন।

বোর্ড অনুযায়ী বহিষ্কৃত শিক্ষার্থীর মধ্যে রয়েছে ঢাকা বোর্ডে ২০ জন, রাজশাহীতে ১৭ জন, যশোরে ৫ জন, বরিশালে ১০ জন, কুমিল্লায় ৬ জন, সিলেটে ১ জন এবং চট্টগ্রামে ৪ জন।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ বছর দেশের সাতটি শিক্ষা বোর্ড, কারিগরি বোর্ড ও মদ্রাসা বোর্ডের অধীনে ২৫ হাজার ৮০৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১০ লাখ ১৩ হাজার ৩০১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে এসএসসি পরীক্ষার্থী ৭ লাখ ৪৭ হাজার ৫৪৫ জন, দাখিলে ১ লাখ ৮৩ হাজার ৩৮১ জন এবং কারিগরি বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ৮২ হাজার ৩৭৫।

ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ২০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে ধামরাইতে ১ জন, টাঙ্গাইলে ২ জন, গোপালগঞ্জে ২ জন, জামালপুরে ১০ জন, নেত্রকোনায় ২ জন, ফরিদপুরে ২ জন, গাজীপুরে ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ৬৭৩ জন।

আমাদের চট্টগ্রাম অফিস জানায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দ্বিতীয় দিনের ইংরেজী পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

বরিশাল ব্যুরো অফিস জানায়, বোর্ডে গতকাল এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ১০ জনকে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিত ছিলেন ৪১৯ জন।

সিলেট ব্যুরো জানায়, সিলেট বোর্ডে গতকাল ১ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছেন। বোর্ডের অধীনে পরীক্ষায় এদিন অনুপস্থিত ছিল ১২৮ জন।

রাজশাহী অফিস জানায়, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষার দ্বিতীয় দিনে ১৭ জনকে বহিষ্কার করা হয়েছে। অনুপস্থিত ছিলেন ২৪৮ জন শিক্ষার্থী।

যশোর ব্যুরো অফিস জানায়, যশোর বোর্ডে নকলের দায়ে ৫ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এ বোর্ডে অনুপস্থিত ছিল ৩৯১ জন।

কুমিল্লা অফিস জানায়, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দ্বিতীয় দিনের ইংরেজী পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এছাড়া অনুপস্থিত ছিল ৩২০ জন।